**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 11/2/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল কৌশলগত কর্মীবাহিনী বিকাশ অফিসের অনুদানের চতুর্থ রাউন্ডে মোট 12 মিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রদানের ঘোষণা করলেন

***স্টেটজুড়ে পনেরটি প্রকল্প 23 মিলিয়ন মার্কিন ডলার সরকারি/বেসরকারি তহবিল ব্যবহার করে 100টির বেশি ব্যবসায়িক অংশীদারের জন্য 2,000 এর বেশি প্রশিক্ষণার্থীকে সমর্থন করবে***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক স্টেটের কৌশলগত কর্মীবাহিনী বিকাশ অফিস (New York State Office of Strategic Workforce Development, OSWD) এর কর্মীবাহিনী বিকাশ মূলধন (Workforce Development Capital) এবং পে ফর পারফর্ম্যান্স (Pay for Performance, P4P) অনুদান কর্মসূচিসমূহের মাধ্যমে স্টেটজুড়ে পনেরটি প্রকল্পকে 12 মিলিয়ন মার্কিন ডলারের বেশি অনুদান প্রদান করেছে। এই অনুদানগুলি নির্মাণ, ভবন রক্ষণাবেক্ষণ, ইন্ডাস্ট্রিয়াল প্রস্তুতকরণ, নবায়নযোগ্য শক্তি এবং সফটওয়্যার প্রকৌশলের মতো খাতসমূহে প্রশিক্ষণ প্রদানকারী ও 100টির বেশি চাকরিদাতা অংশীদারদের মধ্যকার সহযোগিতার মাধ্যমে প্রায় 2,000 কর্মীর প্রশিক্ষণকে সমর্থন করবে। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) অধীনে পরিচালিত এই অফিসটির দায়িত্ব হলো নিয়োগকর্তাদের প্রয়োজন ও অগ্রাধিকার পূরণ করার জন্য নিউ ইয়র্কবাসীরা প্রস্তুত বলে নিশ্চিত করতে ইন্ডাস্ট্রি-চালিত কর্মীবাহিনী বিকাশ কর্মসূচি ও অনুশীলনকে সমর্থন করা।

"ভবিষ্যতের কর্মীবাহিনীর বিকাশ আমাদের অব্যাহত অর্থনৈতিক সাফল্যের জন্য অতি গুরুত্বপূর্ণ," **গভর্নর হোকল বলেন।** "কৌশলগত কর্মীবাহিনী বিকাশ অনুদানের নতুন এই রাউন্ডটি চাকরিদাতাদের প্রয়োজনীয় চাহিদাসম্পন্ন দক্ষতা অর্জন করতে সকল নিউ ইয়র্কবাসীকে সাহায্য করার আমাদের মিশনকে অব্যাহত রাখবে এবং একই সাথে গতানুগতিকভাবে বাদ পড়া ব্যক্তিদেরকে ভবিষ্যতের কর্মীবাহিনীতে সমৃদ্ধি করার সুযোগ দিতে অত্যাবশ্যকীয় র‍্যাপঅ্যারাউন্ড সেবা প্রদান করবে।"

কৌশলগত কর্মীবাহিনী বিকাশ অফিসের চতুর্থ রাউন্ডের অর্থদানের ফলে চারটি রাউন্ডের মোট বিনিয়োগ দাঁড়ালো 36 মিলিয়ন মার্কিন ডলারের বেশি যা ব্যবহার করে 38 মিলিয়ন মার্কিন ডলারের বেশি সরকারি ও বেসরকারি তহবিল পাওয়া যাবে এবং 400 এর বেশি ব্যবসায়িক অংশীদারের জন্য 11,000 এর বেশি প্রশিক্ষণার্থীকে সমর্থন করা যাবে।

আজকে পনেরটি প্রকল্পকে যে অনুদান প্রদান করা হয়েছে তা চাকরিদাতা চালিত, উচ্চ দক্ষতার কর্মীবাহিনী প্রশিক্ষণ কর্মসূচিসমূহকে সমর্থন করবে এবং উচ্চ চাহিদার সম্প্রদায়সমূহে অংশগ্রহণের প্রতিবন্ধকতা হ্রাসকারী উদ্ভাবনী পন্থা ও সেরা অনুশীলনকে পুরস্কৃত করবে। 35 মিলিয়ন মার্কিন ডলারের ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট ক্যাপিটাল অনুদান কর্মসূচি পরিষেবা উন্নত বা সম্প্রসারিত করতে ইচ্ছুক কর্মীবাহিনী প্রশিক্ষণ প্রদানকারীদের ক্যাপিটাল চাহিদা পূরণ করবে। 115 মিলিয়ন মার্কিন ডলারের পে ফর পারফর্ম্যান্স অনুদান কর্মসূচির দুইটি অর্থায়ন ট্র্যাক আছে: নমনীয় পরিচালনার অনুদান (Flexible Operating Grants) যা প্রদানকারীদেরকে নিউ ইয়র্কবাসীদের উচ্চ চাহিদার দক্ষতা ও শিল্পখাতে স্বীকৃতি সনদের জন্য প্রস্তুত করতে পাঠ্যসূচি বিকাশ ও র‍্যাপঅ্যারাউন্ড সেবার মতো কর্মসূচি সংক্রান্ত ব্যয়ভার বহনে সাহায্য করে; এবং ধারণক্ষমতা বিকাশে অর্থদান (Capacity-Building Awards), একটি ডেটা ও মেট্রিক্স চালিত পন্থা যেখানে সক্রিয়ভাবে ভালো চাকরিতে গ্র্যাজুয়েটদের স্থাপন করার ক্ষেত্রে প্রমাণিত কর্মীবাহিনী প্রশিক্ষণ কর্মসূচিসমূহকে বিস্তৃত করা যায়। অর্জনভিত্তিক অনুদান ব্যবহার করে, কর্মীদের প্রশিক্ষণ পরিষেবা প্রদানকারীরা উচ্চ প্লেসমেন্টের হার এবং ফলপ্রসূ সার্বিক পরিষেবা সম্পন্ন সফল কর্মসূচিগুলোর সক্ষমতা সম্প্রসারণের জন্য তহবিল পাবে।

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা ও কমিশনার হোপ নাইট বলেন,** "আমরা বিশ্বাস ক্রয় যে কর্মীবাহিনীর বিকাশে বিনিয়োগ করা হলো ভালো অর্থনৈতিক বিকাশের ভিত্তিপ্রস্তর এবং তার জন্য এমন মানুষ প্রয়োজন যারা আগামীর প্রয়োজনীয় দক্ষতার জন্য আজকেই প্রস্তুত আছে। এই অনুদানগুলি উচ্চমানের, চাকরিদাতা চালিত কর্মসূচি গঠনে আমাদের ধারাবাহিক সাফল্যের উপর আলোকপাত করা অব্যাহত রাখবে, যেখানে সেরামানের প্রতিভা তৈরি করা হয় যা নিউ ইয়র্ক স্টেটের সকল কোণায় শিল্পখাতকে আকৃষ্ট করার বহু গুণের সাথে সংযোজিত হবে।"

**নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগের (New York State Department of Labor, NYSDOL) কমিশনার রবার্টা রিয়ারডন বলেন,** "কর্মীবাহিনী বিকাশে গভর্নর হোকলের অব্যাহত প্রতিশ্রুতির জন্য আমি তাকে ধন্যবাদ জানাচ্ছি। অনুদানগুলি প্রশিক্ষণ প্রদানকারীদের এবং ব্যবসায়িক অংশীদারদের অ্যাক্সেসিবল চাকরির প্রশিক্ষণ সেবা সমর্থন করতে সাহায্য করবে যা নিশ্চিত করবে যাতে নিউ ইয়র্কবাসী সাফল্যের জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জন করতে পারে। আমাদের বলীয়ান ও বৈচিত্র্যময় কর্মীবাহিনীর অংশ হওয়ার জন্য নিউ ইয়র্কবাসীর যেকোনো শিক্ষার সুযোগ নিউ ইয়র্ক স্টেট শ্রম বিভাগ তাদের প্রদান করবে।"

**চতুর্থ রাউন্ডে যারা অর্থ পেয়েছে:**
**সাফোক কাউন্টি শ্রম, লাইসেন্সিং এবং ভোক্তা অ্যাফেয়ার্স বিভাগ, লং আইল্যান্ড, 3,000,000 মার্কিন ডলার কর্মীবাহিনী মূলধন অনুদান এবং 1,000,000 মার্কিন ডলার P4P পরিচালনা অনুদান:** সাফোক কাউন্টি এই তহবিল ব্যবহার করে ব্রেন্টউড সেন্টার (Brentwood Center) প্রতিষ্ঠা করবে, এটি একটি কর্মীবাহিনী প্রশিক্ষণ কেন্দ্র যা অঞ্চলের মার্কিন যুক্তরাষ্ট্র নৌবাহিনীর (U.S. Navy) সাবমেরিন ইন্ডাস্ট্রিয়াল বেজ (Submarine Industrial Base) এবং এর সরবরাহ চেইনের চাহিদাকে সমর্থন করবে। কাজ শেষ হওয়ার পর অত্যাধুনিক ব্রেন্টউড সেন্টারটি স্থানীয় হাই স্কুলের শিক্ষার্থীদেরকে প্রস্তুতকরণ এবং চাকরির জন্য প্রস্তুতির প্রশিক্ষণ এবং র‍্যাপঅ্যারাউন্ড সেবা প্রদান করবে, তারা ইস্টার্ন সাফোক সমবায় শিক্ষা সেবা বোর্ড (Board of Cooperative Educational Services, BOCES) এবং মার্কিন যুক্তরাষ্ট্রের

নৌবাহিনী/ব্লু ফোর্জ অ্যালায়েন্সের (Blue Forge Alliance) সাথে কাজ করবে। কর্মসূচিটি সাবমেরিন ইন্ডাস্ট্রিয়াল বেজের সরবরাহ চেইনের অংশ, 35টির বেশি আঞ্চলিক প্রস্তুতকারকের জন্য স্থানীয় প্রতিভার ভাণ্ডারকে সম্প্রসারিত করবে।

**পারসুইট ট্রান্সফর্মেশন কোম্পানি, নিউ ইয়র্ক সিটি, 1,500,000 মার্কিন ডলার কর্মীবাহিনী মূলধন অনুদান এবং 1,000,000 মার্কিন ডলার P4P পরিচালনা অনুদান:** পারসুইট কুইন্সে একটি টেক হাব এবং প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করবে যা তাদের সফটওয়্যার প্রকৌশল প্রশিক্ষণ, শিক্ষানবিশ কাজ এবং ক্যারিয়ার বিকাশ কর্মসূচির আয়োজন করবে, যা 100টির বেশি চাকরিদাতা অংশীদারকে সাথে নিয়ে নিম্ন আয়ের নিউ ইয়র্কবাসীকে উচ্চ বেতনের চাকরির জন্য প্রশিক্ষণ প্রদান করবে। শিক্ষানবিশ কাজের পূর্বের বিকাশ এবং নেতৃত্বের প্রশিক্ষণ এবং সেই সাথে র‍্যাপঅ্যারাউন্ড সেবার ব্যবস্থা করার জন্য P4P তহবিল ব্যবহার হবে, যার মধ্যে থাকবে ক্যারিয়ার কোচিং, মেন্টরশিপ, এবং আর্থিক সাক্ষরতা ও ব্যবস্থাপনা সেবা।

**নর্থল্যান্ড ওয়ার্কফোর্স ট্রেনিং সেন্টার, ওয়েস্টার্ন নিউ ইয়র্ক, 1,373,000 মার্কিন ডলার কর্মীবাহিনী মূলধন অনুদান এবং 1,000,000 মার্কিন ডলার P4P পরিচালনা অনুদান:**নর্থল্যান্ড ওয়ার্কফোর্স ট্রেনিং সেন্টার (Northland Workforce Training Center) একটি পরিচ্ছন্ন শক্তির প্রশিক্ষণ ল্যাব (Clean Technology Training Lab) গঠন ও বাস্তবায়ন করবে যা স্টেটব্যাপী নবায়নযোগ্য শক্তি লক্ষ্যের সমর্থনে শিল্পচালিত প্রশিক্ষণ প্রদান করবে এবং তাদের বিদ্যমান কর্মসূচিসমূহকে সমর্থন করতে নতুন প্রশিক্ষণ সরঞ্জাম ক্রয় করবে। উপলভ্য প্রশিক্ষণের মধ্যে থাকবে আধুনিক প্রস্তুতকরণ দক্ষতা যা প্রস্তুতকারকেরা ব্যবহার করতে পারবে, এবং সেই সাথে সৌর, বায়ু, মাইক্রোগ্রিড, ব্যাটারি স্টোরেজ, বৈদ্যুতিক যান চার্জিং এবং অটোমেশন গঠনের মতো নবায়নযোগ্য শক্তি ব্যবস্থাও ব্যবহার করতে পারবে। বিনামূল্যে বা অল্প খরচে ক্রেডেনশিয়াল প্রদানকারী প্রশিক্ষণের পাশাপাশি শিক্ষার্থীদের সাফল্যকে সমর্থন করতে নর্থল্যান্ড ওয়ার্কফোর্স ট্রেনিং সেন্টার সার্বিক র‍্যাপঅ্যারাউন্ড সেবা প্রদান করবে যেমন চাইল্ডকেয়ার, পরিবহন, মানসিক ও মাদক অপব্যবহার কাউন্সেলিং, এবং আর্থিক সহায়তা।

**SUNY আলফ্রেড স্টেট টেকনোলজি কলেজ, ওয়েস্টার্ন নিউ ইয়র্ক, 1,250,000 মার্কিন ডলার কর্মীবাহিনী মূলধন অনুদান এবং 270,223 মার্কিন ডলার P4P পরিচালনা অনুদান:** নির্মাণ, ভবন বাণিজ্য, কৃষি, ভারী সরঞ্জাম পরিচালনা এবং পরিচ্ছন্ন শক্তি খাতে তাদের কর্মীবাহিনী বিকাশ কর্মসূচিসমূহকে উন্নত করার জন্য কলেজটি তাদের ওয়েলসভিল ক্যাম্পাসকে একটি প্রশিক্ষণ সাইট হিসেবে সম্প্রসারিত করবে। তহবিলটি এইসব খাতে সাতটি নিম্ন ব্যয়ের মাইক্রোক্রেডেনশিয়াল গঠনকে সমর্থন করবে, যা বিদ্যমান সফল সহযোগী ডিগ্রি কর্মসূচিসমূহের সম্পূরক হবে। এই সম্প্রসারণের ফলে এন্ট্রি-লেভেল বা মধ্যম মাত্রার দক্ষ কর্মীদের জন্য শিল্পখাতের চাহিদা মেটানোর জন্য নকশা করা কোর্সে ভর্তির বর্ধিত সুযোগ প্রদান করবে।

**SUNY লং আইল্যান্ড এডুকেশনাল অপর্চুনিটি সেন্টার, লং আইল্যান্ড, 504,002 মার্কিন ডলার কর্মীবাহিনী মূলধন অনুদান এবং 52,455 মার্কিন ডলার P4P পরিচালনা অনুদান:** লং আইল্যান্ড এডুকেশনাল অপর্চুনিটি সেন্টার (Educational Opportunity Center, EOC) একটি মোবাইল ওয়েল্ডিং ল্যাব ক্রয় করবে যাতে লং আইল্যান্ডের বিভিন্ন স্থানে একাধিক সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে একটি নতুন ওয়েল্ডিং প্রশিক্ষণ কর্মসূচি প্রদান করা যায়।

স্বয়ংসম্পূর্ণ, মোবাইল প্রশিক্ষণ স্থানটি ইট পাথরের প্রশিক্ষণ অবস্থানের তুলনায় সাশ্রয়ী এবং এর ফলে LIEOC যেখানে চাহিদা সর্বাধিক সেখানে প্রশিক্ষণকে নিয়ে যেতে পারে, যা বিনামূল্যে প্রদত্ত প্রশিক্ষণ ও সনদ পাওয়ার ক্ষেত্রে প্রতিবন্ধকতাসমূহকে অপসারণ করে।

**SUNY রকল্যান্ড কমিউনিটি কলেজ, মিড হাডসন, 933,412 মার্কিন ডলার P4P পরিচালনা অনুদান:** কলেজ একটি নতুন ইন্ডাস্ট্রিয়াল মেশিনারি রক্ষণাবেক্ষণ মেকানিক পথ বিকাশ ও বাস্তবায়ন করবে যা শিক্ষার্থীদের জন্য ক্রেডেনশিয়ালসহ প্রশিক্ষণ প্রদান করবে এবং একই সাথে স্থানীয় প্রস্তুতকারক অংশীদারদের নিয়োগের চাহিদা পূরণ করবে। ভর্তির পূর্বের একটি মূল্যায়ন শিক্ষার্থীদের সাফল্যের প্রতিবন্ধকতা সনাক্ত করবে এবং মেন্টরশিপ, উপদেশ, পরিবহন সহায়তা ইত্যাদির মতো সেবার সাথে সংযুক্ত করে দিবে যাতে এই প্রতিবন্ধকতাসমূহ হ্রাস করা যায়। ক্যারিয়ার সচলতার একটি পথ তৈরির জন্য কোর্সগুলি একটি অন্যটির উপর নির্ভর করবে এবং ইচ্ছা করলে তা কলেজ ক্রেডিটে রূপান্তর করা যাবে।

**SUNY সাফোক কাউন্টি কমিউনিটি কলেজ, লং আইল্যান্ড, 399,435 মার্কিন ডলার P4P পরিচালনা অনুদান:** কলেজ একটি নতুন CNC মেশিনিং প্রশিক্ষণ কর্মসূচি এবং সম্পূরক CNC সুইস মেশিনিং কর্মসূচি তৈরি করবে যা লং আইল্যান্ডের কয়েক হাজার ক্ষুদ্র প্রস্তুতকারকের চাহিদা পূরণ করবে, যারা যোগ্য প্রার্থীর অভাবকে একটি উল্লেখজনক সমস্যা হিসেবে চিহ্নিত করেছে। কারিগরি প্রশিক্ষণের পাশাপাশি, কর্মসূচিটি শিল্পখাতের অংশীদারদের সহায়তায় কর্মসূচি সম্পূর্ণ হওয়ার পর হাই স্কুলের সিনিয়র এবং বেকার/সামর্থ্যের তুলনায় কম কাজ করা প্রাপ্তবয়স্কদের ক্যারিয়ার কোচিং, বৃত্তি, শিল্পখাতের নেটওয়ার্কিং ইভেন্ট, এবং চাকরির প্লেসমেন্টের ক্ষেত্রে সহায়তা করবে।

**অ্যাসেম্বলি হাউজ 150, ওয়েস্টার্ন নিউ ইয়র্ক, 242,893 মার্কিন ডলার P4P পরিচালনা অনুদান:** এই তহবিলটি শিল্পখাতের অভিজ্ঞদের প্রদত্ত হাতে কলমে শিক্ষা, সাইট পরিদর্শন, চাকরির প্রস্তুতির প্রশিক্ষণ, এবং বিদ্যমান নির্মাণশিল্প সম্পর্কিত অগ্রগতি সোসাইটি (Society for the Advancement of Construction Related Arts ,SACRA) কর্মসূচি দ্বারা চাকরির প্লেসমেন্ট সেবা প্রদানের মাধ্যমে অংশগ্রহণকারীদের নির্মাণ ক্যারিয়ারের জন্য প্রস্তুত করবে এবং আরো বিশেষায়িত দক্ষতা অর্জনের জন্য SACRA গ্র্যাজুয়েটদের জন্য একটি প্রশিক্ষণ কর্মসূচি পাইলট করবে। মূলত অভিবাসী, মামলায় জড়িয়ে পড়া ব্যক্তি, আবাসন অনিরাপত্তাসহ ব্যক্তি বা সিঙ্গেল প্যারেন্টদের নিয়োগের ব্যবস্থা করতে ইচ্ছুক কর্মসূচিটি অংশগ্রহণকারীদের স্বয়ংসম্পূর্ণ হওয়ার একটি পথ প্রদান করে এবং একই সাথে দক্ষ কর্মীর স্থানীয় চাহিদা পূরণ করে।

**ICD ইন্টারন্যাশনাল সেন্টার ফর দ্য ডিজেবল্ড বা ইনস্টিটিউট ফর ক্যারিয়ার ডেভেলপমেন্ট, নিউ ইয়র্ক সিটি, 179,685 মার্কিন ডলার P4P পরিচালনা অনুদান:** ICD এর ভবন মেরামত টেকনিশিয়ান (Building Repair Technician) কর্মসূচি নিউ ইয়র্ক সিটিতে অক্ষমতাসহ ব্যক্তিদের মৌলিক নির্মাণ ও রক্ষণাবেক্ষণ দক্ষতা ও সনদ প্রদান করবে এবং একই সাথে প্রস্তুতির প্রশিক্ষণ এবং তাদের রেজুমে জোরদার করার জন্য অভিজ্ঞতাকেন্দ্রিক শিক্ষার সুযোগ প্রদান করবে। তহবিলটি প্রশিক্ষণার্থীদের জন্য পরিবহন সহায়তা এবং অংশগ্রহণ করার জন্য স্টাইপেন্ডের মতো র্যাপঅ্যারাউন্ড সেবা পাওয়ার সুযোগ বৃদ্ধি করবে, যা প্রশিক্ষণার্থীদেরকে সফলভাবে কর্মসূচিটি শেষ করতে সাহায্য করবে।

**ইরি 1 BOCES, ওয়েস্টার্ন নিউ ইয়র্ক, 146,695 মার্কিন ডলার কর্মীবাহিনী মূলধন অনুদান**
এই তহবিলটি ইরি 1 BOCES এর CNC প্রস্তুতকরণ ও ওয়েল্ডিং কর্মসূচির হালনাগদকরণ ও সম্প্রসারণের সরঞ্জাম ক্রয় ও স্থাপনা সমর্থন করবে, যার মধ্যে থাকবে প্রশিক্ষণার্থীদের জন্য রক্ষণাবেক্ষণ কাজ সেট-আপ, ট্রাবলশুট এবং পারফর্ম করার জন্য একটি কার্যকর প্রোডাকশন লাইন। প্রশিক্ষণার্থীদের সনদ প্রদান করা হবে এবং অঞ্চলে আধুনিক প্রস্তুতকরণ চাকরির পদ পূরণের জন্য তৈরি করা হবে।

**নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটির (SUNY) চ্যান্সেলর জন বি. কিং বলেন,** "কর্মীবাহিনীতে গভর্নরের চলমান বিনিয়োগের মাধ্যমে, আমরা চাহিদাসম্পন্ন চাকরির জন্য যেই প্রশিক্ষণ প্রদান করি তা সম্প্রসারিত করছি। আজকে অর্থপ্রাপ্ত ক্যাম্পাসগুলিতে আমার পরিদর্শনের সময়, আমি আমাদের প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণকারী কিছু ব্যক্তির সাথে কথা বলে লাভবান হয়েছি, তাদের মধ্যে কয়েকজন আগামী পদোন্নতির জন্য তাদের প্রয়োজনীয় দক্ষতা অর্জন করতে ফিরে এসেছে, এবং আমি এটি বলতে পেরে গর্বিত যে আমরা আরো নিউ ইয়র্কবাসীকে তা করতে সাহায্য করতে পারবো। নর্থল্যান্ড ওয়ার্কফোর্স ট্রেনিং সেন্টার, আলফ্রেড স্টেট, লং আইল্যান্ড এডুকেশনাল অপর্চুনিটি সেন্টার, রকল্যান্ড কমিউনিটি কলেজ, এবং সাফোক কাউন্টি কমিউনিটি কলেজের প্রতি আমার অভিনন্দন রইলো।"

**অ্যাসেম্বলি সদস্য হ্যারি ব্রন্সন বলেন,** "নিউ ইয়র্কের কর্মীবাহিনীতে বিনিয়োগ অব্যাহত রাখার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ। অর্থনৈতিক বিকাশের অ্যাসেম্বলি কমিটির (Assembly Committee on Economic Development) প্রধান হিসেবে আমি বিশ্বাস করি যে আমাদের অর্থনৈতিক বিকাশ উদ্যোগসমূহের মধ্যে অবশ্যই একটি অনুরূপ কর্মীবাহিনী বিকাশ অংশ থাকা উচিত। OSWD এর চতুর্থ রাউন্ডের অনুদান তহবিল পুরো স্টেটের কয়েক হাজার কর্মীকে প্রশিক্ষণ প্রদান করবে, তাদেরকে নতুন শিল্পখাতে স্থিতিশীল, ফলপ্রসূ ক্যারিয়ার গঠন করতে দিবে, যা নিউ ইয়র্কের অর্থনীতিতে দীর্ঘমেয়াদি সাফল্য সৃষ্টি করবে।"

**অ্যাসেম্বলি সদস্য লাটয়া জয়নার বলেন,** "কর্মীবাহিনী বিকাশ মূলধন কর্মসূচি এবং P4P অনুদান কর্মসূচি হলো আমাদের স্টেটের কর্মীবাহিনীকে দেশের মধ্যে সেরা করে তুলতে সাহায্য করার জন্য শক্তিশালী হাতিয়ার। অর্থদানের সর্বশেষ রাউন্ড থেকে পাওয়া তহবিল পুরো স্টেটের জন্য অত্যাবশ্যকীয় উচ্চ দক্ষতার শিল্পখাতে চাকরির পাইপলাইন বলীয়ান করতে ব্যবহার করা হবে। আমি বিশেষভাবে খুশি যে এই অর্থের প্রায় 3 মিলিয়ন মার্কিন ডলার সরাসরি SUNY স্কুলগুলিতে যাবে, যেখানে তরুণ নিউ ইয়র্কবাসীদেরকে প্রস্তুতকরণ, নির্মাণ, এবং কৃষি ক্ষেত্রে উচ্চমানের চাকরির সাথে সংযুক্ত করে দেওয়া হবে। নর্থল্যান্ড ওয়ার্কফোর্স ট্রেনিং সেন্টারেও 2 মিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রদান করা হবে, যা একটি নিম্ন কার্বন ভবিষ্যতে আমাদের স্থানান্তরের জন্য কর্মীদের প্রস্তুত করতে সাহায্য করছে।কর্মীবাহিনী বিকাশকে যে গভর্নর ধারাবাহিকভাবে অগ্রাধিকার প্রদান করছেন তা দারুণ ব্যাপার।"

**অ্যাসেম্বলি সদস্য অ্যাল স্টির্প বলেন,** "গভর্নর হোকলের আজকের ঘোষণা নিউ ইয়র্কে কৌশলগত কর্মীবাহিনী বিকাশের জন্য একটি অর্থপূর্ণ ও পন্থা প্রদর্শন করে। পুরো স্টেটের এই পনেরটি প্রকল্প এমন কর্মীবাহিনী কর্মসূচিতে মনোযোগ প্রদান করে যা আমাদের জাতীয় নিরাপত্তাকে সমর্থন করে, স্টেটের জলবায়ু লক্ষ্যকে অগ্রসর করে, এবং নির্মাণ ও প্রস্তুতকরণে কর্মীদের অতি গুরুত্বপূর্ণ চাহিদার সমাধান করে। এইসব কর্মসূচিতে অংশগ্রহণ করা সবসময়

সহজ নয় তা উপলব্ধি করে কিছু কর্মসূচিকে শিক্ষার্থীদের সাফল্যের প্রতিবন্ধকতা সমাধানের জন্য সরাসরি তহবিল প্রদান করা হয়েছে, যার মধ্যে আছে পরিবহন সহায়তা, মেন্টরশিপ, এবং এমনকি একটি মোবাইল প্রশিক্ষণ স্থানের মতো সেবার সাথে সংযোগ তৈরি করা, যাতে সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে আরো বেশি অ্যাক্সেস প্রদান করা যায়।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন